Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: বাংলার মেঠোপথ

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sat, Mar 15, 2025 at 9:52 AM
To: ucaliptas909@gmail.com

বাংলার মেঠোপথ
তাফিফ বিন জামিল

বাংলার মেঠোপথ কি আজও রাতের শিশিরে ভিজে?
শালিকের ডাক কি ভেসে আসে;
দূর নীলিমার প্রান্তর থেকে?
আকাশের বুকে এখনো কি ঝিলিমিলি তাঁরার মেলা বসে?
মৌমাছিরা আজও কুমড়োফুলে কি মধু খোঁজে?
বটের ডালে কি ডাহুক চুপটি করে বসে থাকে?

আমি একদিন ছিলাম এই বাংলার মাঠের ঘাসে,
নদীর ঢেউয়ে গেছি ভেসে;
আর দোল খেয়েছি কাঁশফুলের সাদা ডানায়।
দিগন্তের ওপারে হারিয়ে গেছি
কোনোদিন;
কত দূরে—কত অজানায়।
তবু ফিরে এসেছি;
আবার হয়তো একদিন
ফিরে আসবো আমার বাংলার টানে।

রচনাকাল: ০১লা চৈত্র ১৪২৮।